

📖 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৮৯২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪. প্রথম অনুচ্ছেদ - সিজদা ও তার মর্যাদা

بَابُ السُّجُودِ وَفَضْلِهِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ فِي سُجُودِهِ: «اللَّهُمَّ اغْفِرْ لِي ذَنْبِي كُلَّهُ دِقَّةً وَجِلَّةً وَأَوَّلَهُ وَآخِرَهُ وَعَلَانِيَتَهُ وَسِرَّهُ». رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৮৯২-[৬] আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাজদায় গিয়ে বলতেন, "আল্লা-হুম্মাগফিরলী জামবী কুল্লাহু দিক্কহু ওয়া জিল্লাহু ওয়া আওওয়ালাহু ওয়া আ-খিরাহু ওয়া 'আলা-নিয়াতাহু ওয়া সিররহু"- (অর্থাৎ- হে আল্লাহ! তুমি আমার সকল ছোট-বড়, আগে-পরের, গোপনীয় ও প্রকাশ্য গুনাহ মাফ করে দাও)। (মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : মুসলিম ৪৮৩, আবু দাউদ ৮৭৮, সহীহ ইবনু হিব্বান ১৯৩১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো কখনো তাসবীহের সাথে অথবা তাসবীহ ছাড়াই সাজদায় এবং দু'আটি পড়তেন।

এখানে বড় গুনাহের পূর্বে ছোট গুনাহকে নিয়ে আসা হয়েছে, কেননা কাবীরাহ্ (কবিরাহ) গুনাহের জন্ম হয় সগীরাহ্ (ছোট) গুনাহের অতিরিক্ত করার কারণে বা সীমালঙ্ঘনের কারণে এবং সেটাকে গুরুত্বহীন মনে করার কারণে যেন সগীরাহ্ গুনাহই কাবীরাহ্ (কবিরাহ) গুনাহের সৃষ্টির মাধ্যম।

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55451>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন